

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০০২

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১. বিবাহের ব্যাপারে সমতা ও বিচ্ছেদের স্বাধীনতা - বিবাহে বংশের সমতা রক্ষা প্রসঙ্গ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْعَرَبُ بَعْضُهُمْ أَكْفَاءُ بَعْضٍ، وَالْمَوَالِي بَعْضُهُمْ أَكْفَاءُ بَعْضٍ، إِلَّا حَائِكُ أَوْ حَجَّامُ». رَوَاهُ الْحَاكِمُ، وَفِي إِسْنَادِهِ رَأَوْ لَمْ يُسَمَّ، وَأَسْتَنْكَرَهُ أَبُو حَاتِمٍ

موضوع. وقد سأله ابن أبي حاتم أباه عنه فقال (1236 / 412 / 1): «هذا كذب. لا أصل له». وقال في موضع آخر (423 - 424 / 1275): «هذا حديث منكر». وأيضا قال بوضعه ابن حبان في «المجرورين» (124 / 2)، وأبن عبد البر في «التمهيد» إذ قال: حديث منكر موضوع

বাংলা

১০০২। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আরবগণ একে অপরের সমর্প্যায়ের, মুক্ত কৃতদাস মুক্ত কৃতদাসের সমতুল্য, তবে জেলা বা তাঁতী ও হাজাম ব্যতীত। - এর সানাদে একজন রাবীর নাম অজ্ঞাত। আবু হাতিম একে মুনকার বলেছেন।[1]

ফুটনোট

[1] ইমাম বাইহাকী তাঁর সুনানুল কুবরা ৭/১৩৪ গ্রন্থে একে মুনকাতি বলেছেন। ইমাম যাহাবী তানকীছত তাহকীক ২/১৮১ গ্রন্থে বলেন, এর একজন বর্ণনাকারী আলী সে মাতরুক অনুরূপ উসমানও। ইবনু উসাইমীন তাঁর বুলুগুল মারামের শরাহ ৪/৫১৬ গ্রন্থেও একে মুনকার বলেছেন। ইমাম শাওকানী নাইলুল আওত্তার ৬/২৬৩ গ্রন্থে এর সানাদকে দুর্বল বলেছেন। শাইখ আলবানী ইরওয়াউল গালীল ৬/২৬৮ গ্রন্থে বলেন, হাদীসটি, মুনকাতি, তথাপিও

ইবনু জুরাইজ মুদাল্লিস, সে আন আন করে বর্ণনা করেছে। আর তিনি যষ্টিফুল জামে ৩৮৫৭ ও ইরওয়াউল গালীল ১৮৬৯ গ্রন্থে এ মর্মে আবদুল্লাহ ইবনু উমার, আয়িশা ও মু'আয বিন জাবাল সূত্রে বর্ণিত হাদীসগুলোকে জাল বলে অভিহিত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70813>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন